যুগান্তর

৬।৯।২০০৩

তারিখ ...............

পৃষ্ঠা ............ কলাম ............

# ঢাবির দুই হলে তল্লাশি : অস্ত্র গুলি ও বোমা উদ্ধার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া ও সূর্যসেন হলে বিডিআর-পুলিশ যৌথ তল্লাশি চালিয়ে একটি শটগান, ২৩ রাউন্ড গুলি ও ৫টি বোমা উদ্ধার এবং দুই বহিরাগত ছাত্রকে গ্রেফতার করেছে। শুক্রবার ভোরে ছাত্রলীগ নিয়ন্ত্রিত এ দুটি হলে একযোগে তল্লাশি চালানো হয়।

গ্রেফতারকৃতরা হল : সমাজ কল্যাণ বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র আজাদ ও শিক্ষা গবেষণা ইন্সটিটিউটের ১ম বর্ষের ছাত্র সোহাগ। রাত সাড়ে ৩টায় বিপুল সংখ্যক বিডিআর হল দুটি কর্ডন করে। জিয়া হলের ছাত্রলীগ নেতা ও ক্যাডাররা এর আধঘণ্টা আগেই তল্লাশির খবর জেনে গিয়েছিল। পুলিশ ওই হলের ১৫টি কক্ষে ব্যর্থ তল্লাশি চালায়। তারা তালাবদ্ধ ৪১৯ ও ৪২৬ নম্বর কক্ষের তালা ভেঙে তল্লাশি করে। এ হলের ছাত্রলীগ নেতা ফিরোজ নিজকক্ষে গুলিবিদ্ধ হয়ে নিহত হওয়ার ২০ দিন পরে এই তল্লাশি চালানো হল।

সূর্যসেন হলে পুলিশ চারটি কক্ষে তল্লাশি চালায়। ৩৬৫ নম্বর কক্ষ থেকে তারা অস্ত্র উদ্ধার ও বহিরাগতদের গ্রেফতার করে। কক্ষের অপর বাসিন্দা ছাত্রলীগের বহিরাগত ক্যাডার লিমন পুলিশ আসার আগেই জানালা দিয়ে পাশের কক্ষে গা ঢাকা দেয়।